# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৪৬টি প্রতিষ্ঠানকে ৪.১১ লক্ষ টাকা জরিমানা

**৬ মার্চ ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১৩ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, সিলেট, কক্সবাজার, ভোলা, দিনাজপুর, কুড়িগ্রাম, খুলনা, বগুড়া, নীলফামারী, ঝালকাঠি, চট্টগ্রাম, হবিগঞ্জ ও ঝিনাইদহে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর ধানমন্ডি এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে স্বপ্ন, হক হোটেল এন্ড রেস্টুরেন্ট, ক্যাফে হাজী রেস্তোরা এন্ড মিনি চাইনিজ ও বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডারকে যথাক্রমে **১,০০,০০০/- (এক লক্ষ)** টাকা, **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা, **২০,০০০/- (বিশ হাজার)** টাকা ও **১,০০,০০০/- (এক লক্ষ)** টাকা এবং মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে মেডিকো ফার্মেসীকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **২,৫৫,০০০/- (দুই লক্ষ পঞ্চান্ন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে সিলেট মহানগরের কোতয়ালী থানা এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৫,৫০০/- (পনের হাজার পাঁচশত)** টাকা, কক্সবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে কক্সবাজার সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ নাজমুল হাসানের নেতৃত্বে ভোলার চরফ্যাশন ও শশীভূষণ এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে দিনাজপুরের বীরগঞ্জ উপজেলায় **৩টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের চিলমারী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে খুলনার রূপসা উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরীফুল ইসলামের নেতৃত্বে বগুড়া সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, নীলফামারী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে নীলফামারীর সৈয়দপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৮,৫০০/- (আট হাজার পাঁচশত)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠির কাঠালিয়া উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রামের পাঁচলাইশ থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,০০০/- (এক হাজার)** টাকা প্রদান করা হয়, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে হবিগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা এবং ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকাসহ মোট **১,৩৪,০০০/- (এক লক্ষ চৌত্রিশ হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদন, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে সিটি রেস্টুরেন্ট, BAR B Q, আয়েশা হোটেল, LASANIA Ltd., Pizza King এবং berlin foods কে যথাক্রমে **২,০০০/- (দুই হাজার)** টাকা, **২,০০০/- (দুই হাজার)** টাকা, **২,০০০/- (দুই হাজার)** টাকা, **৩,০০০/- (তিন হাজার)** টাকা, **৩,০০০/- (তিন হাজার)** টাকা, ও **১,০০০/- (এক হাজার)** টাকাসহ মোট **১৩,০০০/- (তের হাজার)** টাকা এবং ৬ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,২৫০/- (তিন হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে রাজ কাচুরীকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে সরমা হাউজ এন্ড কাচ্চি বিরিয়ানিকে **২,০০০/- (দুই হাজার)** টাকা ও প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে বি এন স্টোরকে **১,০০০/- (এক হাজার)** টাকা ও প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মোঘল বাংলা ও চাইনিজ রেস্টুরেন্টকে **২,০০০/- (দুই হাজার)** টাকাসহ মোট **৯,০০০/- (নয় হাজার)** টাকা এবং ৪ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,২৫০/- (দুই হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৩টি** বাজার তদারকির ও **১১টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৪৬টি** প্রতিষ্ঠানকে মোট **৪,১১,০০০/- (চার লক্ষ এগার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১১ জন** অভিযোগকারীকে মং **৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়। এছাড়া গত ৫ মার্চ ২০১৬ তারিখে পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে পটুয়াখালীর বাউফল উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৪,৫০০/- (চার হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানেটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর, ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, সিলেট, কক্সবাজার, ভোলা, দিনাজপুর, কুড়িগ্রাম, খুলনা, বগুড়া, নীলফামারী, ঝালকাঠি, চট্টগ্রাম, হবিগঞ্জ ও ঝিনাইদহ।
৭। পুলিশ সুপার, ঢাকা, সিলেট, কক্সবাজার, ভোলা, দিনাজপুর, কুড়িগ্রাম, খুলনা, বগুড়া, নীলফামারী, ঝালকাঠি, চট্টগ্রাম, হবিগঞ্জ ও ঝিনাইদহ।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।